অতি জরুরি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাংলাদেশ পাবলিক প্রকিউরমেন্ট অথরিটি (বিপিপিএ)
বিপিপিএ ভবন, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭
www.bppa.gov.bd

স্মারক নং: ২১.০০.০০০০.০০০.৩৯৮.২৭.০১২১.২৬-৮৮৭ তারিখ: ০৪/১০/২০২৬ খ্রি.

বিষয়: স্বাস্থ্য অধিদপ্তরের অধীন Upazila Health & Family Planning Officer (UH&FPO), Upazila Health Complex, Muladi, Barishal কর্তৃক আহ্বানকৃত (1) Procurement of Surgical Instrument for the FY 2026-27, Tender ID: 1319099, Invitation Ref. No.: UHC/Muladi/Barishal/26-27/2, (2) Procurement of Gauge, Bandage and Cotton for the FY 2026-27, Tender ID: 1319100, Invitation Ref. No.: UHC/Muladi/Barishal/26-27/3 (3) Procurement of Linen for the FY 2026-27, Tender ID: 1319101, Invitation Ref. No.: UHC/Muladi/Barishal/26-27/4 শীর্ষক দরপত্র/প্রস্তাবের বিষয়ে পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০২৫ এর বিধি-৭৩(১৪) মোতাবেক রিভিউ প্যানেলে দায়েরকৃত আপিল এর সিদ্ধান্ত (রিভিউ আপীল নং ১২১/২০২৬)।

উপরোল্লিখিত বিষয়ে, রিভিউ প্যানেল-০৫ এর সিদ্ধান্তের অনুলিপি আপনার জ্ঞাতার্থে এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণার্থে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

০৪/১০/২০২৬

(মোঃ হাফিজুর রহমান)
চেয়ারপার্সন
রিভিউ প্যানেল-০৫

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে):

১. সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. প্রধান নির্বাহী কর্মকর্তা (সচিব), বিপিপিএ, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
৩. Director General, Directorate General of Health Services (DGHS), TB Gate, Mohakhali
৪. Upazila Health & Family Planning Officer (UH&FPO), Upazila Health Complex, Muladi, Barishal
৫. Mr. Md. Saiful Islam, Proprietor- The Great International, Ga-97/1, Gulshan-Badda Link Road, Badda, Dhaka এবং
৬. অফিস কপি।

রিভিউ আপীল নং- ১২১/২০২৬

(রায়)

বাদী: মোঃ সাইফুল ইসলাম, প্রোপাইটার দি গ্রেট ইন্টারন্যাশনাল, গ-৯৭/১, গুলশান বাড্ডা, লিংক রোড, ঢাকা।

বনাম

বিবাদী:

১। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স মূলাদী, বরিশাল।
২। মহাপরিচালক, স্বাস্থ্য সেবা অধিদপ্তর, টিবি গেট, মহাখালী, ঢাকা।
৩। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা মন্ত্রনালয়, সচিবালয়, ঢাকা।

বিষয়ঃ ক্রয়কারী উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা মূলাদী, বরিশাল কর্তৃক আহবানকৃত টেন্ডার আইডি: ১৩১৯০৯৯, ১৩১৯১০০, ১৩১৯১০১ এ দরপত্র মূল্যায়ন, যোগ্যতা যাচাই, সিডিউলে বর্নিত নির্নয়কের গ্রহনযোগ্যতা সহ স্বচ্ছতা ও সম-আচরন না হওয়ার কারনে বাদীর পিপিআর ২০২৫ এর বিধি-৭৩ (১৪) মোতাবেক আনীত রিভিউ আপীল।

সংক্ষিপ্ত মোকাদ্দমা: বাদী নালিশী দরপত্রে একজন অংশগ্রহণকারী। বাদীর অভিযোগ হচ্ছে যে, নালিশী দরপত্রের মূল্যায়ন কমিটি দরপত্রে অংশগ্রহণকারী ৯ টি প্রতিষ্ঠানের যোগ্যতা সঠিকভাবে যাচাই বাচাই না করে স্বচ্ছতা ও সম-আচরন নিশ্চিত না করে বে-আইনীভাবে ৩ টি প্রতিষ্ঠান রেস্পনসিভ এবং ৬ টি প্রতিষ্ঠানকে নন- রেস্পনসিভ ঘোষনা করেন। ক্রয়কারী মূল্যায়ন প্রতিবেদন গ্রহণ করে NOA ইস্যু করেন।

ফলে বাদী প্রশাসনিক ভাবে অভিযোগ দায়ের করতে না পেরে সরাসরি রিভিউ প্যানেলে প্রতিকার প্রার্থনা করেন।

রিভিউ প্রসেস: বাংলাদেশ পাবলিক পকিউরমেন্ট অথরিটি এর মাধ্যমে বাদীর আনীত অভিযোগ প্রাপ্তীর পর বিগত ২৪.০৯.২০২৬ খ্রিঃ তারিখ শুনানীর জন্য ধার্য্য করে বিগত ২১.০৯.২০২৬ খ্রিঃ তারিখ উভয় পক্ষের বরাবর নোটিশ ইস্যু করা হয়। দুইটি বিবেচ্য বিষয় নির্ধারণ করা হয়।

১। মামলাটি অত্রাকারে রক্ষনীয় কিনা।
২। বাদী পার্থীত মতে বা অন্য কোন উপযুক্ত প্রতিকার পেতে পারেন কিনা।

ধার্য্য তারিখ উভয় পক্ষ উপস্থিত হয়ে শুনানীতে অংশ গ্রহণ করেছেন।

বাদীর বক্তব্য: বাদী নালীশি দরপত্রে একজন অংশগ্রহণকারী। মোট ৯ টি প্রতিষ্ঠান দরপত্রে অংশগ্রহণ করেন।

বাদীসহ ৬ টি প্রতিষ্ঠান নন-রেসপনসিভ এবং ৩ টি প্রতিষ্ঠান রেসপনসিভ হয়। বাদীর অভিযোগ Final Tender Document, (TDS), e-GP রেকর্ড, Tender Opening Record, TEC মূল্যায়ন, Financial Evaluation, POst-Qualification এবং Awardee দের Supporting Document সঠিক ভাবে যাচাই করা হয় নাই।

বাদীর অভিযোগ ও যাচাইয়ের বিষয় সমূহ:

১. পিপিএ ২০০৬ ও পিপিআর ২০২৫ অনুযায়ী ক্রয় বাজেটের আকার ও ধরন অনুযায়ী BPPA কর্তৃক নির্ধারিত ফরম STD Form Of Goods e-GP অনুসারে সরকারি তহবিলের অর্থ দ্বারা পন্য ক্রয়ের ক্ষেত্রে স্বচ্ছতা, জবাবদিহিতা নিশ্চিত করে উক্ত রূপ ক্রয় কার্য্য অংশগ্রহন কারী দরদাতাদের প্রতি সম-আচরন ও অবাধ প্রতিযোগীতা, স্বচ্ছতা, দক্ষতা, নৈতিকতা ও নায্যতা নিশ্চিত করা হয়নি।

২. সিডিউলে বর্ণিত নির্ণয়কের আলোকে পিপিআর ২০২৫ এর বিধি ১১ এর সাব বিধি ১৪ (খ), বিধি ১২১(১) ও (২), বিধি ৭২ (খ) এর (৯)ও (১১)লঙ্ঘিত হয়েছে।

৩. পিপিআর ২০২৫ এর বিধি ৬৫ ও ৬৬ বর্ণিত নির্ণয়ক সমূহ ব্যতীত সিডিউলের বিধি বহির্ভূত অপ্রাসঙ্গিক অবাঞ্ছিত শর্তাবলী সংযুক্তির ফলে দরপত্রে অবাধ প্রতিযোগিতায় প্রতিবন্ধকতা সৃষ্টি হয়েছে।

৪. সিডিউলে আইটিটি ২০.১ জে উল্লেখিত শর্তাবলী বৈধতা আছে কিনা ও নোটিফিকেশন এ্যাওয়ার্ড প্রাপ্ত প্রতিষ্ঠান দাখিলকৃত দরপত্র দলিলাদী যথাযথ ভাবে যাচাই করা হয়েছে কিনা তা পুন:পরীক্ষনের আবেদন করেন।

(ক) ৬টি লট/গ্রুপে ৯ জন দরদাতা দরপত্রে অংশগ্রহণ করলেও মাত্র ৩ টি প্রতিষ্ঠানকে টেকনিক্যালি রেস্পনসিভ হিসেবে বিবেচনা করা হয় যেখানে তাদের দাখিলকৃত দর ছিল প্রাক্কলিত দরের প্রায় ৯৮%/৯৯% এর কাছাকাছি।সর্বনিম্ন দরদাতাদের নন- রেস্পনসিভ দেখিয়ে সর্বোচ্চ দরদাতাদের রেস্পনসিভ করার আড়ালে সরকারি অর্থ তছরুপ করা হয়েছে।

(খ) দরপত্রের অভিজ্ঞতার নির্ণয়ক হিসাবে তিন বছরের সাধারণ অভিজ্ঞতাসহ ২০ লক্ষ টাকার একটি স্পেসিফিক অভিজ্ঞতা সহ আরেকটি শর্তে এমএমআর মালামাল সরবরাহের চার বছরের অভিজ্ঞতা বাধ্যতামূলক থাকার উল্লেখ থাকলেও নোটিফিকেশন এ্যাওয়ার্ড প্রাপ্ত প্রতিষ্ঠানের কোন ধরনের পূর্ব অভিজ্ঞতা তথ্যাদি পাওয়া যায়নি। নোটিফিকেশনের এ্যাওয়ার্ড প্রাপ্ত প্রতিষ্ঠানের

Trade License,TIN,TAX Payment Certificate,BIN Certificate,Credit Commitment Certificate Asper BPPA Format,Ownership Affidavit,Bank Solvency Certificate, Bank Statement এবং Drug License Verification যথাযথ ভাবে যাচাই হয়েছে কিনা তা পূর্ণ:পরীক্ষনের আবেদন করেন।

(গ) সকল দরদাতার Quulification,Priec schedulc, Manufacture Authorization Letter, Technical Compliance ও Rejection Matrix,TEC এবং সদস্যদের লিখিত মতামত যাচাই হয়েছে কিনা পুন:পরীক্ষণ এর জন্য আবেদন করেন।

(ঘ) আইটিটি ক্লজ অনুযায়ী বিগত বছরের অডিট রিপোর্ট বাধ্যতামূলকভাবে অনলাইনে ভেরিফাইড শর্তের উল্লেখ থাকলেও সংশ্লিষ্ট নোটিফিকেশন এ্যাওয়ার্ড প্রাপ্ত প্রতিষ্ঠানের ক্ষেত্রে তা পাওয়া যায়নি।

(ঙ) নিম্মোক্ত বিষয়ে রিভিউ প্যানেলের মতামত দাবী করেন।

১। ইনকাম ট্যাক্স পেমেন্ট সার্টিফিকেটের সাথে ট্যাক্স জানলি বা জাবেদা বাধ্যতামূলকভাবে শর্ত যুক্ত করার যৌক্তিকতা ও গ্রহণযোগ্যতা।

২। বর্তমানে অভিজ্ঞতার সনদসহ সকল দলিলাদী অনলাইনে ভেরিফিকেশন করা সম্ভব হওয়া সত্বেও দাখিলকৃত সকল দলিল প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করা বাধ্যতামূলক করা অপ্রাসঙ্গিক। উল্লেখ্য যে প্রতিটি দরপত্র ২০০ থেকে ৩০০ পৃষ্ঠা সম্বলিত।কাজেই উক্ত দলিলাদী গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হওয়ার কথা নয়।

৩। একই দরপত্রের একাধিক নন-জুডিশিয়াল ৩০০ টাকার স্ট্যাম্পে একাধিক এফিডেফিট চাওয়ার যৌক্তিকতা ও গ্রহণ যোগ্যতা।

৪। বিধি বহির্ভূত অপ্রাসঙ্গিক ৩০ থেকে ৪০ টি শর্ত যুক্ত দরপত্র আগ্রহী দরদাতার দরপত্রে অংশগ্রহণে অনাগ্রহী করে কিনা।

বাদী নালীশী দরপত্রের Re-evaluation, Post Qualification পুন: যাচাই Corrective Action, Cancellation/Re- tender অথবা আইনানুগ অন্য প্রতিকার প্রার্থনা করেন।

২

বিবাদী পক্ষের বক্তব্য: ক্রয়কারী প্রতিষ্ঠান মূলাদী উপজেলার স্বাস্থ্য কমপ্লেক্স, এখানে প্রতিদিন ইনডোর ও আউটডোরে প্রচুর পরিমাণ সেবা প্রত্যাশী রোগী জরুরী সেবার জন্য আসে এবং এটি একটি প্রত্যন্ত অঞ্চল। এই প্রতিষ্ঠানে গত ২০২৫-২৬ অর্থবছরের রাজস্ব বাজেটের আওতায় ক্রয়কৃত ঔষধপত্র ও অন্যান্য এমএসআর সামগ্রী অর্থবছরের শেষ হওয়ার আগেই শেষ হয়ে যায়, বিধায় নতুন অর্থবছর ২০২৬-২৭ রাজস্ব বাজেট আসায় দ্রুত টেন্ডার প্রক্রিয়া অনুসরণ করেন এবং তার ভিত্তিতে বিভিন্ন টিকাদারী প্রতিষ্ঠান দরপত্রে অংশগ্রহণ করে যাহা দরপত্র কমিটি মুল্যায়ন কমিটি যাচাই-বাছাই পূর্বক ৩টি প্রতিষ্ঠান গ্রহণযোগ্য হয়, উল্লেখিত ৩টি প্রতিষ্ঠানের মধ্যে মেসার্স আর এম ট্রেডার্স ফিনান্সিয়াল ইভালুয়েশনে উইনার হয়। পরবর্তীতে অনুমোদন সাপেক্ষে নোয়া, চুক্তি ও কার্যাদেশ প্রদান করে মালামাল গ্রহণ করে জনস্বার্থে রোগীর চলমান সেবায় ব্যবহার হচ্ছে। রিভিউ পিটিশনার The Great International প্রতিষ্ঠানটি কার্যাদেশ প্রাপ্ত না হওয়ায় উদ্দেশ্য প্রনোদিত হয়ে সরকারি সেবায় বাধা প্রদান পূর্বক হয়রানি মূলক একটি ভিত্তিহীন অভিযোগ প্রদান করেছেন। জনস্বার্থ বিবেচনা করে রিভিউ আপিলটি নিষ্পত্তি প্রার্থনা করেন।

বিবেচ্য বিষয়

বাদীর লিখিত অভিযোগ ও মৌখিক উপস্থাপিত বক্তব্য এবং বিবাদী পক্ষের বক্তব্য পর্যালোচনা করে। মামলাটি নিষ্পত্তির নিমিত্তে নিমরূপ বিবেচ্য বিষয় নির্ধারণ করা হলো।

১। মামলাটি রক্ষনীয় কিনা।
২। বাদীর অভিযোগ প্রমাণিত হয়েছে কিনা।
৩। বাদীর প্রার্থীর মতে বা অন্য কোন প্রতিকার পেতে অধিকারী কিনা।

আলোচনা ও সিদ্ধান্ত:

১ নং বিবেচ্য বিষয়: বাদী অত্র মামলাটি আনয়ন করেছেন পিপিআর-২০২৫ এর বিধি ৭৩ (১৪) মোতাবেক বিবাদী পক্ষ দাবী করেন যে, বাদী প্রশাসনিক ভাবে কোন অভিযোগ দায়ের না করে সরাসরি রিভিউ প্যানেলের বরাবর প্রতিকার প্রার্থনা করেছেন বিধায় রিভিউ আপিলটি রক্ষনীয় নয়। বাদী দাবী করেন যে, বাদীসহ মোট ৯ টি প্রতিষ্ঠান নালিশী দরপত্রে অংশ গ্রহণ করেন। ৬ টি প্রতিষ্ঠানকে নন- রেস্পন্সিভ এবং ৩ টি প্রতিষ্ঠানকে রেস্পনসিভ করা হয়। রেস্পনসিভ ৩ টি প্রতিষ্ঠানের মধ্যে মেসার্স আর এম ট্রেডার্স নামক প্রতিষ্ঠানের বরাবর নোয়া ইস্যু করা হয় এবং চুক্তি সম্পাদন করা হয়েছে। এমতাবস্থায় প্রশাসনিক ভাবে অভিযোগ দায়ের করার কোন সুযোগ পিপিআর ২০২৫ অনুযায়ী নেই।

এ ক্ষেত্রে পিপিআর ২০২৫ এর বিধি ৭৩ (১৪) অনুযায়ী সরাসরি রিভিউ প্যানেল বরাবর অভিযোগ দায়েরের সুযোগ রয়েছে। পিপিআর ২০২৫ এর ৭৩ (১৪) বিধিতে উল্লেখ আছে," ব্যতিক্রমী ক্ষেত্রে, চুক্তি সম্পাদনের নোটিশ জারী করা হইয়াছে বা চুক্তি সম্পাদন করা হইয়াছে এইরূপ কোন ক্রয় প্রক্রিয়ার বিষয়ে প্রশাসনিক কর্তৃপক্ষের কোন পর্যায়েই অভিযোগ দায়ের করা যাইবে না, তবে ত্রুটিপূর্ণ বা বিধি বহির্ভূত চুক্তি সম্পাদনের নোটিশ জারী বা চুক্তি সম্পাদন করা হইয়াছে বলিয়া ধারণা করিবার সংগত কারণ থাকিলে ক্রয়কারীর গৃহীত কার্যক্রমের বিরুদ্ধে রিভিউ প্যানেলের নিকট সরাসরি আনুষ্ঠানিক আপীল দায়ের করা যাইবে" মামলার শুনানী কালে ক্রয় কারী স্বীকার করেছেন যে, মূল্যায়ন কমিটির প্রতিবেদন অনুযায়ী রেস্পনসিভ ৩ টি প্রতিষ্ঠানের মধ্যে নেক্সট জেন ইন্টারন্যাশনাল নামক প্রতিষ্ঠান বরাবর নোয়া ইস্যু করা হয় এবং চুক্তি সম্পাদিত হয়েছে। বাদী যথাযথ ভাবে রিভিউ আপীলের প্রযোজনীয় ফি এবং জামানত দাখিল করে অত্র রিভিউ আপীলটি আনয়ন করেছেন। বাদী ধারণা করেছেন নালিশী

দরপত্রের মূল্যায়ন সঠিক হয় নাই এবং বিধি বহির্ভূত ভাবে নোয়া ইসু এবং চুক্তি সম্পাদিত হয়েছে। কাজেই রিভিউ প্যানেলের নিকট স্পষ্ট প্রতীয়মান হয়েছে যে, অত্র রিভিউ আপীলটি আইনগত ভাবে রক্ষনীয়।

২-৩ নং বিবেচ্য বিষয় : অত্র বিবেচ্য বিষয় দুইটি পরস্পর নির্ভরশীল ও সমঞ্জস্যপূর্ণ বিধায় আলোচনার সুবিধা ও সংক্ষিপ্ততার জন্য এক্ষেত্রে নেওয়া হলো।

বাদী সিডিউলের আইটিটি ২০.১ জে উল্লেখিত শর্তাবলী নোয়া প্রাপ্ত প্রতিষ্ঠানের দাখিলকৃত দরপত্র দলিলাদী যথাযথ ভাবে যাচাই করা হয়েছে কিনা তা পুন:পরীক্ষণের এর জন্য আবেদন করেন। বাদীর দাবী সর্বনিম্ন দরদাতাদের নন-রেস্পনসিভ দেখিয়ে সর্বোচ্চ রেইটে দাখিলকৃত দর দাতাদের রেস্পনসিভ করা হয়েছে সরকারি অর্থ তছরুপ করার জন্য। সিডিউল পর্যালোচনায় দেখাযায় যে,আইটিটি ২০.১ জে অনেক অপ্রয়োজনীয় এবং অপ্রাসঙ্গিক শর্ত উল্লেখ করা হয়েছে। বাদীর অভিযোগ যে ৩ টি প্রতিষ্ঠানকে রেস্পনসিভ করা হয়েছে তারাও ঐ সকল শর্ত পূরণ করেন নাই। বাদী উল্লেখ করেন যে, নেক্সট জেন ইন্টারন্যাশনাল নামক দরদাতার প্রতিষ্ঠানের ট্রেড লাইসেন্সের মেয়াদ ৬ মাসের কম, তাদের টিআইএন এবং বিআইএন এর মেয়াদ ৬ মাসের কম। অনলাইনে তাদের আইটি অডিট রিপোর্ট নাই। শুনানীকালে ক্রয়কারীর পক্ষ হতে বলা যায় যে, e-GP তে রেস্পনসিভ দরদাতাগন সকল শর্ত পূরণ করে তাদের কাগজপত্র দাখিল করেছেন। তবে স্বীকার করেন যে, মূল্যায়ন কমিটি ঐ প্রতিষ্ঠান গুলির দাখিলী কাগজ পত্র অনলাইনে যাচাই করেন নাই। তারা দাখিলী কাগজপত্র বৈধ মর্মে বিশ্বাস করেছেন। এই পর্যায়ে রিভিউ প্যানেল তাদের কাগজপত্র প্রদর্শন করতে বললে তারা শুধুমাত্র মূল্যায়ন সীট প্রদর্শন করেন।

কিন্তু e-GP ফাইল বা অন্য কোন কাগজপত্র প্রদর্শন করতে পারেন নাই। প্যানেল ক্রয়কারীকে কাগজপত্র প্রদর্শন করতে পারবেন কিনা জানতে চাইলে ক্রয়কারী পক্ষ প্রদর্শন করতে পারবেন মর্মে জানান। রিভিউ প্যানেল ক্রয়কারীকে রেস্পনসিভ ৩ টি প্রতিষ্ঠানের সকল কাগজপত্র নয় - শুধুমাত্র ট্রেড লাইসেন্সের কপি, ট্যাক্স রিটার্ন এর কপি, ভ্যাট পরিশোধের সনদের কপি এবং অনলাইন অডিট রিপোর্টের কপি ২৯.০৯.২০২৬ খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে দাখিল করার জন্য মৌখিক ভাবে নির্দেশ দেন। কিন্তু ক্রয়কারী পক্ষ নির্ধারিত সময়ের মধ্যে কোন কাগজপত্র দাখিল করেন নাই।

তবে ক্রয়কারী পক্ষ ৩০.০৯.২০২৬ তারিখ কিছু কাগজ দাখিল করেছে । দাখিলী কাগজ পত্র পর্যালোচনা করে দেখা যায় রেস্পনসিভ ৩ টি প্রতিষ্ঠানের ট্রেড লাইসেন্স, ট্যাক্স রিটার্ণ,ভ্যাট পরিশোধের সনদ,অন লাইন অডিট রিপোর্ট দাখিল করেছেন ।

মেসার্স এন এস ট্রেডার্স এর ই-ট্রেড লাইসেন্স দেখা যায় এই প্রতিষ্ঠান ব্যবসা শুরু করেন ২৫.০৮২০২০ তারিখ। কিন্তু অত্র মামলা সংক্রান্ত দরপত্রে কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠান মেসার্স আর এম টেডার্স এর ট্রেড লাইসেন্স ইস্যু হয়েছে ১৭.০৫.২০২৫ খ্রিঃ তারিখ।TIN প্রাপ্ত ২০.০৩. ২০২৬ খ্রিঃ তারিখ। এই প্রতিষ্ঠানের BIN সনদ ইস্যু হয় ১৩.১০.২০২৫ খ্রি : তারিখে।এই প্রতিষ্ঠান যে অডিট রিপোর্ট দাখিল করেছেন। তাতে DVC যে নম্বর উল্লেখ আছে তা রিভিউ প্যানেলে যাচাই করেছেন। দেখা যায় DVC নম্বারটি কোন বৈধ নম্বর নয়। অর্থাৎ মেসার্স আর এম ট্রেডার্স নামক প্রতিষ্ঠানের দাখিলী অডিট রিপোর্ট সঠিক নয়। কিন্তু মূল্যায়ন কমিটি দাখিলী কাগজপত্র যাচাই না করেই আইটিটি ২০.১ জে এর সকল শর্ত পূরণ করেছেন মর্মে প্রতিবেদন দিয়েছেন। শুনালী কালে ক্রয় কারীর পক্ষ থেকে স্বীকার করেন যে, মূল্যায়ন কমিটি কোন কাগজপত্র যাচাই-বাছাই করেন নাই। তারা দরপত্রের সাথে দাখিলী কাগজপত্র সঠিক মর্মে বিশ্বাস করেছেন। কিন্তু দেখা যায় মূল্যায়ন কমিটি দাখিলী কাগজপত্র যাচাই-বাছাই করলেই মেসার্স আর এম ট্রেডার্স রেস্পনসিভ হতো না।

উপরোক্ত আলোচনা হতে প্রতীয়মান হয় যে, নালিশী দরপত্রে কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানের দাখিলী দলিলাদী মূল্যায়ন কমিটি সঠিকভাবে যাচাই না করেই এই প্রতিষ্ঠানকে রেস্পনসিভ ঘোষণা করেছেন যা সঠিক হয় নাই অর্থাৎ মূল্যায়ন কমিটি সঠিকভাবে মূল্যায়ন করতে ব্যর্থ হয়েছেন। কাজেই নালিশী দরপত্রের মূল্যায়ন পুনরায়

সঠিকভাবে সম্পন্ন হওয়া সমীচীন। বাদী অভিযোগ প্রমাণে সক্ষম হয়েছেন মর্মে প্রতীয়মান হওয়ায় বাদী প্রতিকার পেতে অধিকারী। কাজেই আলোচ্য বিবেচ্য বিষয় দুইটিও বাদীর অনুকূলে সাব্যস্থ করা হলো।

অতএব, আদেশ হয় যে,

(১) রিভিউ আপিল দোতরফা সূত্রে মঞ্জুর করা হলো।

(২) নালিশী দরপত্র সংক্রান্ত ইস্যুকৃত NOA ও সম্পাদিত চুক্তি বিধিবহির্ভুত বিধায় বাতিল করা হলো।

(৩) নালিশী দরপত্র দাতাদের দাখিলী দরপত্রসমূহ যথাযথভাবে পুনর্মূল্যায়নের জন্য নির্দেশনা দেয়া হলো।

(৪) বাদীর জামানত ফেরত দেয়া যেতে পারে।

08.20.2025

(মোঃ জাকির হোসেন)
সদস্য
রিভিউ প্যানেল-৫

08.20.2025

(মোঃ সায়েদুর রহমান খান)
সদস্য
রিভিউ প্যানেল-৫

20/08/2025

(মোঃ হাফিজুর রহমান)
চেয়ারপারসন
রিভিউ প্যানেল-৫